# AKASHVANI (Kolkata)

## Regional News Unit

**Date : 26-12-24** **Desk in Charge :**

**Time : 7-35AM** **Compiling :**

**Opening Announcement** আকাশবাণী, খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ 'বাংলার বাড়ি' প্রকল্পে উপভোক্তাদের অ্যাকাউন্টে প্রথম কিস্তির টাকা দেওয়ার কাজ আজকের মধ্যে শেষ করার নির্দেশ রাজ্য সরকারের।

২/ রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের কাজের অগ্রগতি খতিয়ে দেখতে আট আধিকারিককে নিয়ে একটি সেল গঠন করা হয়েছে।

৩/ রাজ্যের সড়ক পরিবহন পরিকাঠামোর উন্নয়নে সহযোগিতা চেয়ে কেন্দ্রীয় সরকার নবান্নকে চিঠি দিয়েছে।

৪/ জাতীয় আইন বিজ্ঞান বিশ্ববিদ্যালয়-কলকাতার উপাচার্য অধ্যাপক নির্মলকান্তি চক্রবর্তীর বিরুদ্ধে ওঠা যৌন হেনস্থার অভিযোগ খারিজ করে দিয়েছে কলকাতা হাইকোর্ট।

৫/ বছরের শেষে কলকাতা সহ দক্ষিণবঙ্গে জাঁকিয়ে শীত পড়ার সম্ভাবনা ।

৬/ সন্তোষ ট্রফির কোয়ার্টার ফাইনালে বাংলা আজ ওড়িশার বিরুদ্ধে খেলবে।

৭/ ISL ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট, পাঞ্জাব এফ সি-র মুখোমুখি হবে।

*********************************************************************

রাজ্য সরকার বাংলার বাড়ি প্রকল্পে আজকের মধ্যে উপভোক্তাদের অ্যাকাউন্টে প্রথম কিস্তির টাকা দেওয়ার কাজ শেষ করার নির্দেশ দিয়েছে।

পঞ্চায়েত দপ্তর থেকে জারি করা নির্দেশিকায় বলা হয়েছে, প্রথম কিস্তিতে ৬০ হাজার টাকা করে দেওয়া হচ্ছে। তারপর ব্লক আধিকারিকদের চারটি পর্যায়ে বাড়ি তৈরির কাজে নজরদারি করতে বলা হয়েছে।

উল্লেখ্য, ১২ লক্ষ উপভোক্তাকে প্রথম কিস্তির টাকা দেওয়ার কাজ শুরু হওয়ার পর আট লক্ষের বেশি উপভোক্তার অ্যাকাউন্টে এই টাকা পাঠানো হয়েছে বলে খবর।

********************

রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের কাজের অগ্রগতি খতিয়ে দেখতে মোবাইল অ্যাপ তৈরির করার পাশাপাশি তথ্য যাচাই, পরবর্তী পদক্ষেপের ক্ষেত্রে কী ভূমিকা হবে, ইত্যাদি বিষয়ে তদারকির জন্য আট আধিকারিককে নিয়ে একটি সেল গঠন করা হয়েছে। এ ব্যাপারে সম্প্রতি একটি বিজ্ঞপ্তি জারি করেছে রাজ্যের অর্থ দফতর। এই আট আধিকারিকের কেউ কোনও দফতরের বিশেষ সচিব, কেউ অতিরিক্ত সচিব পদে রয়েছেন। তবে বেশির ভাগই OSD পদে কর্মরত। ব্লক, মহকুমা এবং জেলা স্তর থেকে সরকারি কাজের অগ্রগতির বিষয়ে যে তথ্য মোবাইল অ্যাপ মারফত নবান্নে আসবে, তা যাচাই করবে এই সেল।

মোবাইল অ্যাপ সংক্রান্ত আগের বিজ্ঞপ্তিতেই সরকারের তরফে স্পষ্ট করে দেওয়া হয়েছিল, 'জিও ট্যাগিং'-এর ব্যবস্থার কথা। অর্থাৎ পরিদর্শনের সময় GPS মারফত আধিকারিকের অবস্থান জানা যাবে। যা থেকে এটা স্পষ্ট যে দায়িত্বপ্রাপ্ত আধিকারিকদের পরিদর্শন স্থলে গিয়ে কাজ করতে হবে।

********************

রাজ্যের সড়ক পরিবহন পরিকাঠামোর উন্নয়নে সহযোগিতা চেয়ে কেন্দ্রীয় সরকার নবান্নকে চিঠি দিয়েছে। জমি অধিগ্রহণ, বনাঞ্চল সংক্রান্ত ছাড়পত্র, মাটির নিচ দিয়ে জলের পাইপলাইন, ইলেকট্রিক লাইনের জন্য রাজ্যে যেসব সড়ক প্রকল্পের কাজ আটকে আছে, তা দ্রুত শেষ করার জন্য কেন্দ্রীয় সড়ক পরিবহন মন্ত্রী নীতিন গড়করি, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে ওই চিঠি পাঠিয়েছেন।

এ’ক্ষেত্রে রাজ্য সরকারের কাছে মন্ত্রক সব ধরণের সহযোগিতা পাবে বলে আশা প্রকাশ করা হয়েছে ওই চিঠিতে।

********************

জাতীয় আইন বিজ্ঞান বিশ্ব বিদ্যালয়-কলকাতার উপাচার্য অধ্যাপক নির্মলকান্তি চক্রবর্তীর বিরুদ্ধে ওঠা এক অধ্যাপিকাকে যৌন হেনস্থার অভিযোগ খারিজ করে দিয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি হরিশ ট্যান্ডন এবং বিচারপতি প্রসেনজিত বিশ্বাসের ডিভিশন বেঞ্চের পর্যবেক্ষণ, উপাচার্যের বিরুদ্ধে ওঠা অভিযোগের সপক্ষে কোনো তথ্য প্রমাণ পাওয়া যায়নি। স্থানীয় অভিযোগ কমিটি LCC-র ‘অভিযোগ খারিজে’র সিদ্ধান্তকেই বহাল রেখেছে হাইকোর্ট।

এর আগে বিচারপতি কৌশিক চন্দের একক বেঞ্চ LCC-র রায়কে খারিজ করে নির্মলকান্তি চক্রবর্তীর বিরুদ্ধে ওঠা যৌন হেনস্থার অভিযোগ খতিয়ে দেখার নির্দেশ দেন। এরপরই ডিভিশন বেঞ্চের দ্বারস্থ হন উপাচার্য। ডিভিশন বেঞ্চ বলেন, কর্মক্ষেত্রে যৌন হেনস্থা প্রতিরোধ আইন-২০১৩ অনুযায়ী সর্বাধিক সময়সীমা পেড়িয়ে যাওয়ার পর অভিযোগ জানিয়েছিলেন ওই অধ্যাপিকা। এই দেরীর উপযুক্ত কারণ’ও দেখাতে পারেননি তিনি।

********************

পূর্ব মেদিনীপুরের মন্দারমণির হোটেলে তৃণমূল কংগ্রেস নেতা আবুল নাসারের রহস্য মৃত্যুর পূর্ণাঙ্গ তদন্ত চেয়ে মুখমন্ত্রী মমতা ব্যানার্জিকে চিঠি দিয়েছেন তাঁর স্ত্রী উত্তর ২৪ পরগণার আমডাঙ্গা পঞ্চায়েতের উপপ্রধান সুরাইয়া পারভিন।

তাঁর অভিযোগ, পুলিশ নিরপেক্ষ তদন্ত না করে অভিযুক্তদের আড়লা করার চেষ্টা করছে। ময়নাতদন্তের রিপোর্টে আত্মহত্যার ইঙ্গিত মিললেও, তা’ মানতে নারাজ মৃতের পরিবার।

উল্লেখ্য, গত শনিবার মন্দারমণির একটি হোটেলের ঘর থেকে আবুলের ঝুলন্ত দেহ উদ্ধার হয়। গ্রেপ্তার হয় তার বান্ধবী তনুশ্রী মুখোপাধ্যায় এবং প্রতিবেশী আতাউর মন্ডল।

********************

West Bengal Doctors Forum, কলকাতার ডোরিনা ক্রসিং-এর নাম ‘অভয়া ক্রসিং’ করার দাবি জানিয়েছে। সংগঠনের সভাপতি ডাক্তার কৌশিক চাকি ও সম্পাদক ডাক্তার সঞ্জয় হোম চৌধুরী গতকাল এই প্রস্তাব নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, মেয়র ফিরহাদ হাকিম এবং মুখ্যসচিব মনোজ পন্থকে চিঠি দিয়েছেন।

********************

বছরের শেষে জাঁকিয়ে ঠাণ্ডা পড়বে বলে আলিপুর আবহাওয়া দপ্তর সূত্রে খবর। তবে পশ্চিমী ঝঞ্ঝার কারণে কলকাতা সহ দক্ষিণবঙ্গে রাতের তাপমাত্রা খানিকটা বৃদ্ধি পেয়েছে বলে জানিয়েছেন আবহ বিজ্ঞানী ডক্টর সৌরিশ বন্দ্যোপাধ্যায়।

(বাইট- ওয়েদার সৌরিশ )

********************

পাসপোর্ট জালিয়াতি মামলায় উত্তর ২৪ পরগনার দত্তপুকুর থানা এলাকা থেকে ধৃত মোক্তার আলমকে আট দিনের পুলিশ হেফাজতে পাঠিয়েছে আলিপুর আদালত। এই নিয়ে এই চক্রে গ্রেপ্তারির সংখ্যা বেড়ে হল-ছয়।

গতকালই মোক্তারকে জাগুলিয়া অঞ্চল থেকে পাকড়াও করা হয়।

এর আগে ২০২১ সালে জাল নথি বানানোর অভিযোগে চুঁচুড়া থানার পুলিশের হাতে গ্রেফতার হয়েছিল সে। তার কাছ থেকে উদ্ধারে হয়েছে বেশ কয়েকটি এটিএম কার্ড, ভিন্ন নামে থাকা প্যান কার্ড সহ একাধিক নথিপত্র।

********************

রাজ্যে একের পর এক জঙ্গী গ্রেপ্তার হবার ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছেন বিজেপির রাজ্য সভাপতি তথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। বর্তমান রাজ্য সরকার, জনবিন্যাস পরিবর্তনের চেষ্টা চালাচ্ছে বলে তাঁর অভিযোগ।

( বাইট- সুকান্ত )

এদিকে, CPIM-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী ভিযোগ করেছেন, পশ্চিমবঙ্গ জঙ্গীদের আস্তানা হয়ে উঠেছে।

( বাইক- সুজন )

অন্যদিকে, রাজ্যে জঙ্গী অনুপ্রবেশ নিয়ে বিরোধীদের লাগাতার সমালোচনার জবাবে তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ বলেন, অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গের পরিস্থিতি অনেক ভাল।

( বাইট- কুণাল )

*******************

পূর্ব বর্ধমানের জামালপুরে কিশোরীকে ধর্ষণের অভিযোগে এক যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ। ধৃত আমির সোহেল মুর্শিদাবাদের রঘুনাথগঞ্জের চাঁদপুরের বাসিন্দা। কাজের সূত্রে সে জামালপুর এসেছিল। ধৃতকে বর্ধমান সিজেএম আদালতে তোলা হলে পাঁচদিনের পুলিশ হেফাজতে পাঠিয়েছেন বিচারক। ম্যাজিস্ট্রেটের কাছে কিশোরীর গোপন জবানবন্দি নথিভুক্ত করা হয়েছে।

*******************

বর্ধমানের বৈকুন্ঠপুরে বিজেপির সদস্য সংগ্রহ অভিযানে বাধা এবং দলীয় কর্মীর পরিবারের সদস্যদের হুমকির দেওয়ার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেস কর্মীদের বিরুদ্ধে। গতকাল দুপুরে বিজেপির যুবনেতা কেনা রায় দলের কর্মীদের নিয়ে গোপালনগর এলাকায় সদস্য সংগ্রহ অভিযানে গেলে স্থানীয় তৃণমূল নেতা মোজাম্মেল শাহ তাঁদের বাধা দেন। পরে কেনা রায়ের বাড়িতে গিয়ে তাঁর স্ত্রীকে, শাসক দলের লোকজন হুমকি দেয় বলে অভিযোগ। যদিও অভিযোগ অস্বীকার করেছে জেলা তৃণমূল কংগ্রেস নেতৃত্ব।

*******************

দক্ষিণ কলকাতার নিউ আলিপুরের দুর্গাপুর সেতুর নিচের বস্তিতে ভয়াবহ অগ্নিকাণ্ডের জেরে ব্রিজের স্বাস্থ্য পরীক্ষা করে দেখার জন্য সেখানে ভারী যান চলাচল বন্ধ রাখা হচ্ছে। পাশাপাশি ট্রাক এবং বাস চলাচলের উপরেও নিষেধাজ্ঞা জারি করেছে রাজ্য সরকার। ইতিমধ্যেই সেতুতে বসানো হয়েছে হাইট বার। দুই ও চারচাকার ছোট গাড়ি নির্দিষ্ট গতিতে চলবে বলে নির্দেশিকায় বলা হয়েছে।

উল্লেখ্য, গত শনিবার এই সেতুর নিচে বস্তিতে ভয়াবহ আগুন লাগে।

*******************

বাংলাদেশে অস্থিরতার মধ্যেই গতকাল বিকেলে শিলিগুড়ি সংলগ্ন ইন্দো বাংলাদেশ ফুলবাড়ি সীমান্তে আয়োজিত হল বিটিং রিট্রিট সেরিমনি। উপস্থিত ছিলেন বিএসএফের ডিজি দলজিৎ সিং চৌধুরী সহ অন্য উচ্চপদস্থ আধিকারিকরা। সীমান্তের দুপারেই সাধারণ মানুষের ভীড় উপচে পড়ে। প্রতি সপ্তাহে মঙ্গল ও শনিবার ফুলবাড়ি সীমান্তে ওই রিট্রিট অনুষ্ঠান আয়োজিত হয়ে থাকে। তবে এই সপ্তাহে মঙ্গলবারের পরিবর্তে বড়দিনে এর আয়োজন করা হয়।

********************

তেলেঙ্গানায় আজ জাতীয় ফুটবল সন্তোষ ট্রফির কোয়ার্টার ফাইনালে বাংলা, ওড়িশার বিরূদ্ধে খেলবে। খেলা শুরু দুপুর আড়াইটেয়।

বাংলা পাঁচ ম্যাচে ১৩ পয়েন্ট নিয়ে গ্রুপ এ-তে চ্যাম্পিয়ন হয়ে শেষ আটে পৌঁছেছে।

অন্যদিকে, ওড়িশা পাঁচ ম্যাচে ৫ পয়েন্ট পেয়ে গ্রুপ বি-তে চতুর্থ স্থানে থাকার সুবাদে কোয়ার্টার ফাইনালে উঠেছে।

********************

ISL ফুটবলে আজ মোহনবাগান সুপার জায়ান্ট, পাঞ্জাব এফ সি-র মুখোমুখি হবে। দিল্লির জওহরলাল নেহরু স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

মোহনবাগান ১২ ম্যাচে ২৬ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার শীর্ষে আছে। সপ্তম স্থানে থাকা পাঞ্জাব এফ সি-র ১১ ম্যাচে পয়েন্ট ১৮ ।

**********************************************************************